

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা

১৭/০৫/২০১৮ খ্রিস্টাব্দ

তারিখঃ-----

০৩/০১/১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০১০.১৮.২১৯

বিষয় : বগুড়া জেলার সদর উপজেলাধীন বিল নুরুল হুদা ও গাবতলী উপজেলাধীন নিজ কাঁকড়া জলমহালের ইজারামূল্য নির্ধারণ সম্পর্কে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, বগুড়া এর স্মারক-০৫.৫০.১০০০.০০৮.০৬৭.০০৩.১৮-৮০৬ তারিখ: ১৪/০৪/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সদর উপজেলাধীন বিল নুরুল হুদা ও গাবতলী উপজেলাধীন নিজ কাঁকড়া জলমহাল দুটি ১৪১৫ বাংলা সনে হস্তান্তরের মেয়াদ শেষ হওয়ার পরও জেলা প্রশাসন জলমহাল দুটি সরকারের নিয়ন্ত্রণে না এনে ১৪১৬-১৪২৪ বাংলা সন পর্যন্ত ইজারা বিহীন অবস্থায় রাখে এবং সরকারের উক্ত সময়ের রাজস্ব হতে বঞ্চিত হয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসকের পত্রে কোন ব্যাখ্যা নেই। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী দশ বছরের জন্য জলমহাল হস্তান্তরের বিধান নেই এবং প্রকল্পে হস্তান্তরিত জলমহাল শেষ হওয়ার পর তা স্বয়ংক্রিয়ভাবে ভূমি মন্ত্রণালয়ে তথা জেলা প্রশাসকের নিয়ন্ত্রণে আসবে। কিন্তু এ ব্যাপারে জেলা প্রশাসকের কোন উদ্যোগ পরিলক্ষিত হয়নি।

২। এমতাবস্থায়, (ক) বগুড়া জেলার সদর উপজেলাধীন ১৫২.৫৮ একরের বিল নুরুল হুদা ও গাবতলী উপজেলাধীন ৫৫.৫১ একরের নিজ কাঁকড়া জলমহাল দুটি সমঝোতা স্মারকের আওতায় হস্তান্তরের মেয়াদ শেষ হওয়ার পরও ১৪১৬-১৪২৪ বাংলা সন পর্যন্ত দীর্ঘ ৯ (নয়) বছর জেলা প্রশাসন জলমহাল দুটি সরকারের নিয়ন্ত্রণে না আনার কারণে সরকারের যে বিপুল পরিমাণ রাজস্ব ক্ষতি হয়েছে সে বিষয়ে জেলা প্রশাসক ব্যাখ্যা দিবেন।

এবং

(খ) বিল নুরুল হুদা জলমহাল এবং নিজ কাঁকড়া জলমহাল দুটি বর্তমানে কী অবস্থায় আছে এবং সরকারের নিয়ন্ত্রণে আনোয়নের কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং জলমহালের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, বগুড়াকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
বগুড়া

স্বা/-
(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৭৫

E-mail: mol_sairat_1@yahoo.com

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০১০.১৮.২১৯

১৭/০৫/২০১৮ খ্রিস্টাব্দ
তারিখঃ-----
০৩/০১/১৪২৫ বঙ্গাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (সায়রাত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।

স্বা/-
(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব